

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৬(আগরতলা ৩।১)
সোনামুড়া, ৩ জানুয়ারি, ২০২৪

কেমতলীতে অদ্বৈত মল্লবর্মণের জন্মজয়ন্তী অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

কেমতলীতে আয়োজিত কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী অনুষ্ঠানের দ্বিতীয়দিনে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানে তিনি অদ্বৈত মল্লবর্মণের জীবন, দর্শন ও সাহিত্যের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। অন্যান্য অতিথিদের মধ্যে আলোচনা করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য, বিধায়ক অন্তরা সরকার দেব, আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষা। অনুষ্ঠান মঞ্চে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, বিশিষ্ট সমাজসেবী শিবু পাল এবং সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস।
